# উইন্ডোজ ১০-এর ইনস্টল ইস্যু

তাসনুভা মাহ্‌মুদ

মাইক্রোসফটের ভাষ্য অনুযায়ী, সারা বিশ্বে ১১ কোটি পিসি উইন্ডোজ ১০ চালিত। সুতরাং সন্দেহ নেই, আপনি বা আপনার কোনো বন্ধু, সহপাঠী বা পরিবারের কোনো সদস্য কোনো না কোনো সময় উইন্ডোজ আপগ্রেড সংশ্লিষ্ট এক বা একাধিক সমস্যার মুখোমুখি হয়েছেন। এমন কোনো পরিসংখ্যান নেই, যার মাধ্যমে জানতে পারবেন কতজন বাধ্য হয়ে উইন্ডোজ ১০ ইনস্টল করেছে বা উইন্ডোজ আপডেট কাজ করছে না উইন১০ পেলোড কাজ না করার কারণে। এমন কোনো পরিসংখ্যানও নেই, যেখানে উল্লেখ করা আছে কতগুলো সিস্টেম আপগ্রেড করা হয়েছে এবং কতগুলো সিস্টেম রুল ব্যাক করা হয়েছে।

উইন্ডোজ ১০ ইনস্টলেশনের সময় প্রাথমিক সেটআপ সমস্যাসহ সাধারণত যেসব সমস্যা সচারচর দেখা যায় সেগুলো তুলে ধরার পাশাপাশি সমাধানের চেষ্টা করা হয়েছে *কমপিউটার জগৎ*-এর নিয়মিত বিভাগ পাঠশালায়।

## প্রধান নির্দেশক : যদি প্রোডাক্ট কী-এর জন্য আপনাকে প্রম্পট করা হয়, অথচ আপনার কাছে প্রোডাক্ট কী নেই। এমন অবস্থায় উদ্বিগ্ন হওয়ার কিছু নেই।

ধরুন, সিস্টেমকে 'জেনুইন' উইন্ডোজ ৭ বা উইন্ডোজ ৮.১ মেশিন থেকে আপগ্রেড করা হচ্ছে। এ অবস্থায় যদি আপনি প্রম্পটেড হন উইন১০ কী-এর জন্য, তাহলে আবির্ভূত ডায়ালগ বক্সের ভিত্তিতে Skip, Do This Later, অথবা Next-এ ক্লিক করুন। এমন অবস্থায় উইন্ডোজ ১০ কী খোঁজ করার জন্য মাথা ঘামিয়ে লাভ নেই। উইন্ডোজ নিজেই এরর শনাক্ত করে থাকে প্রায় সময়। তাই আপনাকে বারবার বিরক্ত হতে হবে না। যদিও সমস্যা সমাধানের জন্য অ্যাক্টিভিশন রুটিনের কয়েক দিন সময় লাগতে পারে। যদি আপনি বারবার প্রম্পট হন, তাহলে অ্যাক্টিভেশন প্রবলেম সেকশন খেয়াল করুন।

## ইনস্টলার দীর্ঘ সময় ধরে হ্যাং হওয়া বা আটকে থাকা অথবা অবিরতভাবে রিবুট হওয়া

প্রথমেই নিশ্চিত করুন, আপনার কাজের জন্য অপরিহার্য নয় এমন সব হার্ডওয়্যার সিস্টেম থেকে ডিসকানেক্ট তথা বিচ্ছিন্ন করা হয়েছে। C: ড্রাইভ ছাড়া অন্যসব হার্ডড্রাইভকে আনপ্লাগ করুন। এক্সটারনাল হার্ডড্রাইভকে সবলে টেনে বিচ্ছিন্ন করুন। আপনার কাজের জন্য অপরিহার্য নয় এমন সব পেরিফেরাল যেমন– বাড়তি মনিটর, স্মার্ট কার্ড রিডার, ওয়্যারড কীবোর্ডসহ অন্য যা কিছুই সংযুক্ত থাকুক না কেন, সবকিছুই বিচ্ছিন্ন করুন। যদি সম্ভব হয় ওয়াই-ফাই অফ করুন এবং ল্যান ক্যাবলের সাথে রাউটারে প্ল্যাগ করুন।

দ্বিতীয়ত নিশ্চিত করুন, আপনি সঠিক সিস্টেমে সিস্টেমকে আপগ্রেড করেছেন, যেমন– ৩২ বিট মেশিনেই ৩২ বিট, ৬৪ বিট মেশিনে ৬৪ বিট। যদি আপনি উইন্ডোজ ৭ স্টার্টার, হোম



*অ্যাক্টিভেশন উইন্ডোতে প্রোডাক্ট কী এন্টার করা*

বেসিক বা হোম প্রিমিয়াম বা উইন্ডোজ ৮.১ দিয়ে কাজ শুরু করে থাকেন, তাহলে আপনার জন্য উচিত হবে উইন্ডোজ ১০ হোম ইনস্টল করা। যদি আপনি উইন ৭ প্রো বা আল্টিমেট বা উইন ৮.১ প্রো বা 'প্রো ফর স্টুডেন্ট' দিয়ে কাজ শুরু করে থাকেন, তাহলে আপনার জন্য উচিত হবে উইন্ডোজ ১০ প্রো। যদি আপনি উইন্ডোজ ৭ বা ৮.১ এন্টারপ্রাইজ ভার্সন দিয়ে কাজ করে থাকেন, তাহলে সফটওয়্যার অ্যাসুরেন্স লাইসেন্সের শর্তের ওপর ভিত্তি করে আপনার আপগ্রেড কার্যক্রম ফ্রি হবে না।

এরপরও যদি একই সমস্যা হতে থাকে, তাহলে মাইক্রোসফটের সেরা উপদেশ হলো একটি ইউএসবি ড্রাইভ (অথবা ডিভিডি) তৈরি করার উদ্দেশ্যে উইন্ডোজ ১০ মিডিয়া ক্রিয়েশন টুল ব্যবহার করা। এজন্য বিস্তারিত জানতে Download Windows 10 Page সাইটে ভিজিট করুন। তবে সঠিকভাবে আপগ্রেড সিকোয়েন্সের ব্যাপারে আপনাকে খুব সচেতন থাকতে হবে। কেননা, আপনি 'genuine' লাইসেন্স নির্ভরশীল ব্যবহারকারী। একটি পরিষ্কার ইনস্টল কার্যক্রম পারফর্ম করার পরিবর্তে আপনাকে অবশ্যই প্রথমে পিসি আপগ্রেড করতে হবে, যাতে নিশ্চিত হওয়া যায় আপনার পুরনো উইন্ডোজ ৭ বা ৮.১ লাইসেন্স একটি বৈধ লাইসেন্স হিসেবে স্বীকৃত হয় ফ্রি উইন্ডোজ ১০ আপগ্রেডের জন্য। তবে নিচে বর্ণিত ধাপগুলো নিশ্চিতভাবে অনুসরণ করুন।

এরপরও যদি কাজ না করে ইনস্টলার হ্যাং হয় বা বারবার রিবুট হয়, তাহলে অপেক্ষা করুন। মাইক্রোসফট প্রতিনিয়তই প্রচুর বাগ দূর করে, যেখান থেকে আপনার সমস্যার সমাধান হতে পারে।

## Error : Something Happened 0x80070005-0x90002

উইন্ডোজ ১০ ইনস্টলারের রয়েছে কিছু বর্ণনামূলক এরর কোড। একটি ক্লাসিক ধরনের এরর কোড 80070005 দীর্ঘদিন ধরে বিরাজ করছে। এর মাধ্যমে সাধারণত বুঝানো হয়– ইনস্টলার ফাইলের সাথে কাজ করতে পারছে না, যা এর দরকার। এর সম্ভাব্য কারণ হতে পারে অনেক, তবে সাধারণ সমাধান হতে পারে নিম্নরূপ :

সব অ্যান্টিভাইরাস এবং ফায়ারওয়াল ডিজ্যাবল করুন। এমনকি মাইক্রোসফটেরও।

KB 971058-এ গিয়ে এবং Fixit রান করার মাধ্যমে উইন্ডোজ আপডেট রিসেট করুন।

আবার উইন্ডোজ ১০ ইনস্টলার রান করুন।

এরপরও যদি কাজ না করে, তাহলে অ্যান্টিভাইরাস এবং ফায়ারওয়াল আবার সক্রিয় করুন। এরপর KB 947821-এর নির্দেশাবলী অনুসরণ করুন DISM বা System Update Readiness Tool রান করানোর জন্য।

অ্যান্টিভাইরাস এবং ফায়ারওয়াল বন্ধ করে আবার চেষ্টা করুন উইন১০ ইনস্টল করার জন্য।

## Error : 0xC1900101-0x20017, -0x30018, -0x20004 এবং অন্যান্য

সুনির্দিষ্টভাবে বলা যায়, SAFE_OS ফেজে INSTALL_RECOVERY_ENVIRON-MENT অপারেশনের সময় অথবা এই লাইনগুলোর সাথে অন্য কিছু থাকলে একটি এররসহ ইনস্টলেশন ব্যর্থ হয়।

এটি আরেকটি উইন্ডোজ ইনস্টলার এরর, যা উইন্ডোজ ৮-এর সময় আবির্ভূত হয়। অনেক ব্যবহারকারী রিপোর্ট করেন, ইনটেনসিটি এবং লেন্থের তারতম্যে এররগুলো হয় ফ্রিজ এবং ক্র্যাশের সহযোগে।

মাইক্রোসফটের আনসার ফোরামে ছয় পেজের থ্রেড রয়েছে। এছাড়া আরও অনেক সমস্যা রয়েছে, যেখানে সাধারণ কোনো সমাধান নেই।

## অ্যাক্টিভেশন সমস্যা

উইন্ডোজ ১০ ফ্রি আপগ্রেড করার একটি কৌশল আছে। মাইক্রোসফট কিছুদিন আগেও অর্থাৎ উইন্ডোজ ১০-এর ফাইনাল ভার্সন অবমুক্ত না হওয়া পর্যন্ত এ বিষয়ে কোনো ব্যাখ্যা তুলে না ধরার কারণে তেমন বিব্রত বোধও করেনি।

নিচে দেখানো হয়েছে যেভাবে উইন১০-এর জন্য ফ্রি আপগ্রেডার অ্যাক্টিভেশন সম্ভব। আপনি একটি 'genuine' উইন্ডোজ ৭ বা ৮.১ সিস্টেমকে উইন্ডোজ ১০-এ আপগ্রেড করতে চাচ্ছেন। সবকিছুর শেষে আপনি যদি একটি 'genuine' উইন্ডোজ ১০-এর কপি চান, তাহলে

আপনাকে প্রথমে যথাযথভাবে আপগ্রেড করতে হবে। যথাযথ আপগ্রেডের অংশ হিসেবে মাইক্রোসফট নিশ্চিত করেছে যে আপনার কাছে রয়েছে জেনুইন উইন৭ বা উইন৮.১ কী। যদি তাই হয়, তাহলে আপনার মেশিনের একটি রেকর্ড স্টোর করে। এর ফলে আপনার মেশিনের জন্য পাবেন উইন১০-এর একটি 'genuine' কপি। মাইক্রোসফট একে 'digital entitlement' বলছে।

একবার মেশিনে ডিজিটাল এন্টাইলমেন্ট থাকলে আপনি উইন্ডোজ ১০ ইনস্টল বা রিইনস্টল করতে পারবেন যতবার খুশি। মাইক্রোসফট সবসময় মনে রাখবে যে আপনার মেশিন উইন্ডোজ ১০-এর জেনুইন কপির জন্য একটি অথরাইজ মেশিন। উইন১০-এর কী না থাকলে কোনো সমাধান পাওয়ার সম্ভাবনা আপনার নেই।

মাইক্রোসফটের অ্যাক্টিভেশন ইন উইন্ডোজ ১০ পেজে ব্যাখ্যা করে অতি সূক্ষ্ম তারতম্য।

প্রথমে যথাযথ আপগ্রেডের জন্য নিচের কৌশলটি সম্পন্ন করতে হবে। যদি আপনি প্রাথমিকভাবে পারফর্ম করেন একটি পরিষ্কার ইনস্টলেশন, তাহলে উইন৭ বা উইন৮.১ ইনস্টলেশনের সব লক্ষণ মুছে যাবে। এর ফলে আপনার কমপিউটিং জীবন হবে আরও জটিলতর।

যথাযথ আপগ্রেড কার্যকর করুন এবং সংরক্ষণ করুন আপনার লাইসেন্স। এ ক্ষেত্রে আপনার জন্য রয়েছে তিনটি অপশন :

উইন্ডোজ আপডেট জুড়ে আপগ্রেড করুন।

Download Windows 10 Site থেকে রান করুন "Upgrade this PC now" অপশন।

Windows 10 Media creation tool সহযোগে তৈরি করুন একটি ইনস্টলেশন ডিস্ক। এই ডিস্ককে আবদ্ধ করুন যে পিসিতে আপগ্রেড রাখতে চান। এরপর ডিস্কে setup.exe রান করুন।

এবার যথাযথ আপগ্রেড পারফর্ম করার পর আপনি একই ইনস্টলেশন ডিস্ক থেকে বুট করতে পারবেন এবং এ প্রসেসে আপনার হার্ডডিস্ক পার্টিশন ডিলিট করে একটি পরিষ্কার ইনস্টল কার্যকর করার জন্য এটি ব্যবহার করুন। তবে আপনি যদি লাইসেন্স চান, যা আপনার মেশিনের সাথে থাকবে, তাহলে নিচে বর্ণিত আপগ্রেডের তিনটি প্রক্রিয়ার একটি প্রথমে সম্পন্ন করুন পিসি আপগ্রেড করার জন্য।

প্রধান নির্দেশক মনে রাখা : যদি আপনাকে প্রম্পট করা হয় Win10 key-এর জন্য, তাহলে ডায়ালগ বক্সের ওপর ভিত্তি করে Skip, Do This Later অথবা Next-এ ক্লিক করুন। উইন্ডোজ ১০-এর কী খোঁজার জন্য চেষ্টা করার দরকার নেই।

যদি আপনি ইতোমধ্যে একটি পরিষ্কার ইনস্টল কার্যকর করে থাকেন এবং উইন্ডোজ ৭ বা উইন্ডোজ ৮.১-এর সব লক্ষণ ("genuine") মুছে ফেলেন, তাহলে কেমন হবে? এ ক্ষেত্রে প্রথমে নিশ্চিত করুন যথাযথ আপগ্রেডের বিষয়টি। যেমন– ৩২ বিট মেশিনে ৩২ বিট, ৬৪ বিট মেশিনে ৬৪ বিট। এ সময় আপনাকে আরও নিশ্চিত করতে হবে যে আপনি যথাযথ ভার্সন ইনস্টল করেছেন, যা ইতোমধ্যেই আলোচনা করা হয়েছে।

যদি যথাযথ ভার্সন ইনস্টল করে থাকেন, তাহলে কয়েক দিন অপেক্ষা করুন। উইন্ডোজ ১০ জাদুর মতো অ্যাক্টিভেশন সমস্যা দূর করতে পারে।

এরপরও যদি কাজ না করে, তাহলে চেষ্টা করতে পারেন অটোমেটিক ফোন অ্যাক্টিভেশনের মাধ্যমে। এরপর Windows key-R চাপুন এবং টাইপ করুন slui.exe 4।

এবার এন্টার চেপে আপনার কান্ট্রি নেম বেছে নিন। এর ফলে পাবেন একটি টোল ফ্রি নাম্বার এবং জটিল নাম্বারের এক দীর্ঘ লিস্ট, যা 'installation ID' হিসেবে পরিচিত। এবার টোল ফ্রি নাম্বার কল করে ইনস্টলেশন আইডি টাইপ করুন। এর ফলে আপনি একটি ইনস্টলেশন কীসহ শুনতে পারবেন একটি অটোমেটেড ভয়েজ। এটি লিখে রাখুন। slui ডায়ালগ বক্সে Next-এ ক্লিক করে নাম্বারে টাইপ করলে আপনি হোম ফ্রি হবেন।

যদি এটিও কাজ না করে, ফোন দিয়ে কারও সাথে কথা বলুন। অনেক ব্যবহারকারীই দীর্ঘদিন ধরে ফোন অ্যাক্টিভেশন সহযোগে কাজ করছেন। যদিও বেশ কিছু উল্লেখযোগ্য ব্যতিক্রম পরিলক্ষিত হয় প্রায় সব ক্ষেত্রেই, যদি উইন্ডোজ ১০ কী থাকে।

২৫ ক্যারেক্টারের কী'র জন্য কমপিউটারের কেস চেক করুন। যদি সেখানে কোনো স্টিকার না থাকে, তাহলে কমপিউটার কেনার সময় তা নোট করে রাখুন। আপনার কাছে উইন্ডোজ ৭ বা উইন্ডোজ ৮.১-এর জেনুইন কপি আছে কিন্তু আপনি একটি বুট ইউএসবি (USB) তৈরি করার জন্য ব্যবহার করছেন উইন্ডোজ ১০ মিডিয়া ক্রিয়েশন টুল। এরপর মাইক্রোসফট যথাযথ আপগ্রেড সিকুয়েন্স পোস্ট করার আগে পারফর্ম করুন একটি পরিষ্কার ইনস্টল। যদি ফোনের মাধ্যমে তারা আপনাকে পরামর্শ দেয় উইন৭ বা উইন৮.১ রিইনস্টল এবং আপগ্রেড করার জন্য, তাহলে জানান যে আপনি সিস্টেমটি বেশ কিছুদিন ধরে ব্যবহার করছেন।

যদি ফোনের মাধ্যমে কী না পান, তাহলে আপনাকে উইন্ডোজ ৭ বা ৮.১ রিইনস্টল করে আবার আপগ্রেড করতে হবে।

## সেফ মোডে বুট করা

Start, Power, Restart-এ ক্লিক করার সময় নিচের দিকের Shift key চেপে ধরুন।

Windows Recovery Environment-এ গিয়ে সিলেক্ট করুন Troubleshoot→ Advanced→Startup Settings→Restart.

রিস্টার্ট হওয়ার পর বেশ কিছু অপশন দেখতে পারবেন। এবার 5 বা F5 চাপুন for Safe Mode with networking-এর জন্য।

সেফ মোডে আপনার অ্যাকাউন্টে সাইন করার পর আপনার কাজ শেষ। পিসিকে রিস্টার্ট করুন একটি স্বাভাবিক বুট রিটার্ন করার জন্য।

যদি আপনি একটি থার্ড পার্টি অ্যান্টিভাইরাস সফটওয়্যার রান করান, তাহলে বিশেষজ্ঞদের পরামর্শ হলো অ্যান্টিভাইসকে সফটওয়্যার আনইনস্টল করে রিইনস্টল করা। এ ধরনের সমস্যার জন্য এটি একটি সমাধান হতে পারে। বেশ কিছু ব্যবহারকারী জানিয়েছেন, নতুন একটি লোকাল অ্যাডমিনিস্ট্রেশন অ্যাকাউন্ট যুক্ত করার ফলে তাদের Critical Error সমাধান হয়েছে। যদি এতে কাজ না হয়, তাহলে চেষ্টা করুন মূল অ্যাডমিনিস্ট্রেশন অ্যাকাউন্ট রিমুভ করার, যা আপনি নতুন তৈরি করেছিলেন।

## লোকাল অ্যাকাউন্ট তৈরি করা

মাইক্রোসফট সত্যি সত্যিই চায় আপনি মাইক্রোসফটের অ্যাকাউন্ট ব্যবহার করেন। কয়েক বছর ধরে মাইক্রোসফট অব্যাহতভাবে জটিল করে তুলছে লোকাল অ্যাকাউন্ট তৈরি করা। এর মধ্যে একটি হচ্ছে মাইক্রোসফট এর উপাদানগুলোকে আকাশে আটকে রাখছে না।

## যেভাবে লোকাল অ্যাকাউন্ট তৈরি করা যায়

Start, Settings, Family & other users, Add someone else to this PC-এ ক্লিক করুন। লক্ষণীয়, লোকাল অ্যাকাউন্টের সাথে আপনি যুক্ত করতে পারবেন না Add a family member। প্যারেন্টাল কন্ট্রোল সম্ভবত বেশ আস্থা স্থাপন করতে সক্ষম হয়।

এবার নিচের দিকে "How will this person sign in?" চিহ্নিত বক্সে "The person I want to add doesn't have an email address"-এ ক্লিক করুন।

এবার নিচে "Let's create your account" ডায়ালগ বক্সে "Add a user without a Microsoft account"-এ ক্লিক করুন।

অবশেষে এ পর্যায়ে আপনি ইউজার নেম, পাসওয়ার্ড এবং পাসওয়ার্ড হিন্টস টাইপ করুন। এবার Next-এ ক্লিক করলে হঠাৎ পেয়ে যাবেন লোকাল অ্যাকাউন্ট মেশিন ব্যবহারের জন্য প্রস্তুত।

## ভিডিও, সাউন্ড এবং অন্যান্য ড্রাইভারসংশ্লিষ্ট ঝামেলা

বেসিক ইনস্টলেশন সমস্যার পরও অনেক সময় টিপিক্যালি হ্যাং হওয়া বা রিবুট হওয়ার অভিযোগ শোনা যায়, যার বেশিরভাগই খারাপ ড্রাইভারসংশ্লিষ্ট। কখনও কখনও ড্রাইভারসংশ্লিষ্ট সমস্যা তাৎক্ষণিকভাবে আবির্ভূত হয় উইন্ডোজ ১০ ইনস্টল করার পরপরই। আবার কখনও কখনও কোনো সমস্যাই বুঝা যায় না, যতক্ষণ পর্যন্ত না কয়েকবার মেশিন রিবুট করা হয় এবং অনুমোদন করা হয় মাইক্রোসফটের আপডেটের জন্য, যাতে আপনি সুপ্রতিষ্ঠিত ড্রাইভার মুছে ফেলেন।

মাইক্রোসফটের আনসার ফোরামের পক্ষ থেকে অফিসিয়াল উপায়ে ড্রাইভার ইনস্টল করার প্রক্রিয়া এবং উইন্ডোজ আপডেট এবং সেমি-অফিসিয়াল উপায় দেখানো হয়েছে উইন১০-এর ডিভাইস ম্যানেজারের মাধ্যমে কজ

*ফিডব্যাক : mahmood_sw@yahoo.com*